কানাইঘাটে আওয়ামীলীগ নেতা ও সাবেক ইউপি সদস্য আব্দুল খালিকের দাফন সম্পন্ন

কানাইঘাট প্রতিনিধি: কানাইঘাট লক্ষীপ্রসাদ পশ্চিম ইউনিয়ন শাখা আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক, বর্তমান সহ সভাপতি এলাকার বিশিষ্ট সালিশ ব্যক্তিত্ব সাবেক ইউপি সদস্য আব্দুল খালিক মৃত্যু বরণ করেছেন। ইন্নানিল্লাহি…………..রাজিউন।
আজ বৃহস্পতিবার গভীর রাতে তার নিজ বাড়ি কালিনগর গ্রামে হৃদরোগে আক্রান্ত হয়ে অসুস্থ হয়ে পড়লে আওয়ামীলীগ নেতা আব্দুল খালিককে সিলেটে হাসপাতালে নিয়ে য়াওয়ার পথে পথিমধ্যে রাত সাড়ে ৩টায় তিনি মৃত্যুর কোলে ঢলে পড়েন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৫ বছর। তিনি স্ত্রী ও ৬ ছেলে-মেয়ে সহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। এলাকার সালিশ ব্যক্তিত্ব সর্বজন শ্রদ্ধেয় আব্দুল খালিকের মৃত্যুর সংবাদ এলাকায় ছড়িয়ে পড়লে আওয়ামীলীগ সহ বিভিন্ন সংগঠনের নেতাকর্মী ও সর্বস্তরের লোকজন তাকে এক নজর দেখতে বাড়িতে ছুটে যান। আজ বাদ আসর স্থানীয় সুরইঘাট মহসিনিয়া মাদ্রাসা মাঠে কয়েক হাজার মানুষের উপস্থিতিতে আব্দুল খালিকের জানাজার নামাজ অনুষ্ঠিত হয়। নামাজ শেষে তার লাশ গ্রামের পঞ্চায়েত কবরস্থানে দাফন করা হয়। তার জানাজার নামাজে অংশ নেন সিলেট মহানগর আওয়ামীলীগের সভাপতি বীরমুক্তিযোদ্ধা মাসুক উদ্দিন আহমদ, জেলা আওয়ামীলীগের যুব ও ক্রীড়া বিষয়ক সম্পাদক এমাদ উদ্দিন মানিক, সদস্য ফখরুল ইসলাম, কানাইঘাট উপজেলা আওয়ামীলীগের সভাপতি পৌর মেয়র লুৎফুর রহমান, সহ সভাপতি সাবেক ইউপি চেয়ারম্যান ফারুক আহমদ চৌধুরী, সিলেট বারের বিশিষ্ট আইনজীবি আওয়ামীলীগ নেতা এডভোকেট আব্দুস সাত্তার সহ আওয়ামীলীগের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ, জনপ্রতিনিধি, গণ্যমান্য ব্যক্তিবর্গ।
জানাজা পূর্ব সংক্ষিপ্ত বক্তব্যে আওয়ামীলীগের নেতৃবৃন্দ বলেন, আব্দুল খালিক আওয়ামীলীগের একজন নিবেদিত প্রাণকর্মী ছিলেন। কখনো তিনি দলের আদর্শ থেকে বিচ্যুত হননি। আওয়ামীলীগের রাজনীতি করতে গিয়ে অনেক ত্যাগ স্বীকার তিনি করেছেন। যা দলের নেতাকর্মীরা সব-সময় স্মরণ রাখবেন। তার মৃত্যুতে স্থানীয় আওয়ামীলীগ একজন বিচক্ষণ ত্যাগী নেতাকে হারিছে, যা সহজে পূরণ হওয়ার মতো নয়। মহান রাব্বুল আল-আমিনের কাছে তার আত্মার মাগফেরাত কামনা করেন আওয়ামীলীগ

নেতৃবৃন্দ।